

G20 Extraordinary Leaders' Summit on Afghanistan

October 11, 2021

জি20 নেতৃবৃন্দের আফগানিস্তানের উপর ব্যতিক্রমী শীর্ষ সম্মেলন

অক্টোবর 11, 2021

জি20 -র ইতালিয়ান সভাপতির আমন্ত্রণে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 12 অক্টোবর আফগানিস্তানের উপর জি20 নেতৃবৃন্দের ব্যতিক্রমী শীর্ষ সম্মেলনে ভার্চুয়ালি অংশগ্রহণ করবেন। এই শীর্ষ সম্মেলনের আহ্বায়ক জি20 - র সভাপতি ইতালী।

2. এই বৈঠকের আলোচ্য বিষয়সূচী হল মানবিক প্রয়োজনের বিষয়ে প্রতিক্রিয়া এবং প্রাথমিক সেবা এবং জীবিকার সহজলভ্যতার উপর আলোচনা; নিরাপত্তা এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করার উপর আলোচনা; এবং গতিশীলতা, দেশান্তরে গমন ও মানবিক অধিকারের উপর আলোচনা।

3. প্রধানমন্ত্রী আগে আফগানিস্তানের উপর অনুষ্ঠিত SCO-CSTO শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেছিলেন। পররাষ্ট্র মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর নিউ ইয়র্কে রাষ্ট্রপুঞ্জের সাধারণ পরিষদের পাশাপাশি জি20 বিদেশমন্ত্রীদের আফগানিস্তান নিয়ে হওয়া বৈঠকে অংশগ্রহণ করেছিলেন।

4. জি20 তে কুড়িটি প্রধান অর্থনৈতিক শক্তি রয়েছে এবং তা বৈশ্বিক ঐক্যমত্য তৈরির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মঞ্চ এবং তা আফগানিস্তানে উদ্ভূত মানবিক সংকট এড়াতে রাষ্ট্রপুঞ্জের বিভিন্ন সংস্থা, অন্যান্য বিভিন্ন সংস্থা এবং আঞ্চলিক শক্তিগুলিকে নিয়ে একটি সমন্বয়মূলক পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে সাহায্য করতে পারে।

নিউ দিল্লি

অক্টোবর 11, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.